বাংলাদেশ মৎস্য গবেষণা ইনস্টিটিউট
ময়মনসিংহ

বিষয়ঃ ইনস্টিটিউটের ইনোভেশন টিমের মাসিক সভার কার্যবিবরণী
সভাপতিঃ ড. মোঃ নুরুল্লাহ, পরিচালক (গবেষণা ও পরিকল্পনা) ও ইনোভেশন অফিসার
সভার স্থানঃ সভাপতি মহোদয়ের অফিস কক্ষ
সভার তারিখঃ ২৮/১০/২০১৮ইং
সময়ঃ সকাল ১০.৩০ ঘটিকা
সভার উপস্থিতিঃ পরিশিষ্ট 'ক'

ইনস্টিটিউটের ২০১৮-১৯ অর্থ বছরের ইনোভেশন টিমের মাসিক সভার সভাপতি উপস্থিত সদস্যদের স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। অতঃপর ইনস্টিটিউটের বিভিন্ন কেন্দ্র ও উপকেন্দ্রের ইনোভেশন কার্যক্রম সম্পর্কে বিস্তারিত আলোচনা শেষে নিম্নোক্ত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়।

ক্রম	আলোচ্য সূচী	বিস্তারিত আলোচনা	করনীয়
০১।	একদিনের ওরিয়েনটেশন/কর্মশালা/সেমিনার	উদ্ভাবন সক্ষমতা বৃদ্ধির জন্য একদিনের ওরিয়েনটেশন/কর্মশালা/সেমিনার আয়োজন করার ব্যাপারে ইনোভেশন টিমের সব সদস্য গুরুত্বারোপ করেন। উক্ত কর্ম সম্পাদন সূচকের মান ৩।	ইনস্টিটিউট কর্তৃক একদিনের সেমিনার আয়োজনের জন্য মহাপরিচালক বরাবর প্রস্তাব দেয়ার সিদ্ধান্ত গৃহিত হয়।
০২।	উদ্ভাবন কার্যক্রমের সঙ্গে সম্পৃক্ত কর্মকর্তাগণের বিদেশে শিক্ষা সফর	উদ্ভাবন সক্ষমতা বৃদ্ধির জন্য উদ্ভাবন কার্যক্রমের সঙ্গে সম্পৃক্ত কর্মকর্তাগণের বিদেশে শিক্ষা সফর আয়োজন করার ব্যাপারে ইনোভেশন টিমের সব সদস্য গুরুত্বারোপ করেন। উক্ত কর্ম সম্পাদন সূচকের মান ২।	উদ্ভাবন কার্যক্রমের সঙ্গে সম্পৃক্ত কর্মকর্তাগণের বিদেশে শিক্ষা সফরের জন্য ইনস্টিটিউটের আভ্যন্তরীণ সভায় আলোচনা করার সিদ্ধান্ত গৃহিত হয়।
০৩।	ন্যূনতম ২টি উদ্ভাবনী উদ্যোগের পাইলটিং বাস্তবায়ন	উদ্ভাবন সক্ষমতা বৃদ্ধির জন্য ন্যূনতম ২টি উদ্ভাবনী উদ্যোগে পাইলটিং বাস্তবায়ন করার বিষয়টি ইনোভেশন কর্মপরিকল্পনায় অর্ন্তভুক্ত করা হয়েছে। উক্ত কর্ম সম্পাদন সূচকের মান ৪। বিষয়টির উপর বিস্তারিত আলোচনা হয়।	মন্ত্রণালয়ের পূর্বের সিদ্ধান্ত মোতাবেক চাঁদপুরস্থ নদী কেন্দ্রে ইলিশ গবেষণা উইং স্থাপন প্রকল্পের প্রকল্প পরিচালক জনাব মোঃ আবুল বাশারকে কাপ্তাই লেক অ্যাপসের উপর নতুন করে পাইলটিং বাস্তবায়নের জন্য পত্র প্রেরণের সিদ্ধান্ত গৃহিত হয়।
০৪।	ন্যূনতম ০১টি উদ্ভাবনী উদ্যোগ আঞ্চলিক/জাতীয় পর্যায়ে বাস্তবায়িত	ইনোভেশন কর্মপরিকল্পনার অংশ হিসেবে ন্যূনতম ০১টি উদ্ভাবনী উদ্যোগ আঞ্চলিক/জাতীয় পর্যায়ে বাস্তবায়িত করার বাধ্যবাধকতা রয়েছে। উক্ত আলোচ্যসূচীর উপর আলোচনায় আঞ্চলিক পর্যায়ে কাপ্তাই লেক অ্যাপসকে অর্ন্তভুক্তির বিষয়ে ইনোভেশন টিমের সদস্যরা অভিমত প্রকাশ করেন। উক্ত কর্ম সম্পাদন সূচকের মান ৪।	আঞ্চলিক পর্যায়ে কাপ্তাই লেক অ্যাপসকে বাস্তবায়নের জন্য অফিস আদেশ জারি করার সিদ্ধান্ত গৃহিত হয়।
০৫।	বাস্তবায়িত উদ্ভাবনী উদ্যোগের ডকুমেন্টেশন তৈরি ও প্রকাশনা	ইনোভেশন কর্মপরিকল্পনার এই কর্মসম্পাদন সূচকে কাপ্তাই লেক অ্যাপস এর উপর ডকুমেন্টেশন তৈরী ও প্রকাশনা করার জন্য সদস্যরা অভিমত প্রকাশ করেন। উক্ত কর্ম সম্পাদন সূচকের মান ২।	উক্ত অ্যাপসের উদ্ভাবক জনাব মোঃ আবুল বাশারকে কাপ্তাই লেক অ্যাপস এর উপর ডকুমেন্টেশন তৈরী ও প্রকাশনা করার জন্য পত্র প্রেরণের সিদ্ধান্ত গৃহিত হয়।
০৬।	দুই দিনের মেন্টরিং কর্মশালা আয়োজন	ইনোভেশন অফিসার মেন্টরিং কর্মশালা আয়োজনের উপর গুরুত্বারোপ করেন। ইতিপূর্বে মেন্টরিং কর্মশালা আয়োজন করতে না পারার জন্য দুঃখ প্রকাশ করেন। উক্ত কর্ম সম্পাদন সূচকের মান ৩।	দুই দিনের মেন্টরিং কর্মশালা আয়োজনের জন্য মন্ত্রণালয় ও এটুআইকে পত্র প্রেরণের সিদ্ধান্ত গৃহিত হয়।
০৭।	ইনোভেশন সংক্রান্ত কার্যক্রম বাস্তবায়নে বরাদ্দকৃত অর্থ ব্যয়	ইনোভেশন অফিসার পূর্বের ই-সেবাসমূহের বিল পরিশোধের ব্যাপারে গুরুত্বারোপ করেন। ইনোভেশন অফিসার জানান ইনোভেশন সংক্রান্ত কার্যক্রম বাস্তবায়নে বরাদ্দকৃত অর্থ ব্যয়ের কর্মসূচক বাস্তবায়নের জন্য উক্ত বিল পরিশোধ অপরিহায। তাই দুত বিল পরিশোধের জন্য সভায় সকল সদস্য সহমত পোষন করেন। উক্ত কর্ম সম্পাদন সূচকের মান ২।	ইনোভেশন সংক্রান্ত কার্যক্রম বাস্তবায়নে বরাদ্দকৃত অর্থ ব্যয়ের কর্মসূচী বাস্তবায়নের নিমিত্ত বিল পরিশোধের ব্যবস্থা নেওয়ার জন্য হিসাব শাখার মতামত গ্রহণের সিদ্ধান্ত গৃহিত হয়।
০৮।	সংশ্লিষ্ট প্রতিষ্ঠান/অংশীজন চিহ্নিতকরণ ও তাদের সঙ্গে নুন্যতম ২টি সমঝোতা	ইনোভেশন সংক্রান্ত সমস্যা সমাধানের জন্য সংশ্লিষ্ট প্রতিষ্ঠান/অংশীজন চিহ্নিত করে সমঝোতা স্মারক স্বাক্ষর করার উপর ইনোভেশন টিমের সকল সদস্য	প্রতিষ্ঠান/অংশীজন চিহ্নিত করে সমঝোতা স্মারক স্বাক্ষর করার বিষয়ে সিদ্ধান্ত গৃহিত হয়।

	স্মারক স্বাক্ষর	মত প্রকাশ করেন। সদস্য সচিব জানান উক্ত কর্ম সম্পাদন সূচকের মান ৩ সেজন্য ইনোভেশন কর্মপরিকল্পনা বাস্তবায়নের জন্য উক্ত কর্মসূচক খুবই গুরুত্বপূর্ণ।	
০৯।	তথ্য বাতায়নে ইনোভেশন কর্নারের সকল তথ্য হালনাগাদকরণ	ইনোভেশন অফিসারসহ ইনোভেশন টিমের সকল সদস্য ২০১৮-১৯ অর্থবছরের ইনোভেশন সংক্রান্ত তথ্যাদি তথ্য বাতায়নে হালনাগাদ জন্য মত প্রকাশ করা হয়।	২০১৮-১৯ অর্থবছরের ইনোভেশন সংক্রান্ত তথ্যাদি তথ্য বাতায়নে হালনাগাদ করার সিদ্ধান্ত গৃহিত হয়।
১০।	নূন্যতম ১টি ই-সেবা বাস্তবায়ন করা	ইনোভেশন অফিসারসহ ইনোভেশন টিমের সকল সদস্য পিডিএস সফটওয়ারটি ইনস্টিটিউটের নিজস্ব অর্থায়নে ডেভেলাপ করার উপর মতামত পেশ করেন। বর্তমানে বিএআরসি কর্তৃক প্রণীত পিডিএস সফটওয়ারটি ত্রুটিযুক্ত হওয়ায় পিডিএস সফটওয়ারটি নতুন করে ডেভেলাপ করার জন্য সকল সদস্য সহমত পোষণ করেন। উক্ত কর্ম সম্পাদন সূচকের মান ৪।	উক্ত পিডিএস সফটওয়্যার এর ২য় সংস্করণ তৈরির প্রাক্কলন তৈরি করে মহাপরিচালক বরাবর প্রস্তাব প্রেরণের সিদ্ধান্ত গৃহিত হয়।
১১।	নূনতম ০১টি সেবা পদ্ধতি সহজীকরণ ও বাস্তবায়ন	ইনোভেশন অফিসারসহ ইনোভেশন টিমের সকল সদস্য বর্তমানে চালুকৃত সকল কর্মকর্তাদের স্ব স্ব ই-মেইলে মাসিক হিসাব বিবরণী প্রেরণের উপর মত প্রকাশ করেন। উক্ত কর্ম সম্পাদন সূচকের মান ৩।	সদর দপ্তরের সকল কর্মকর্তাদের স্ব স্ব ই-মেইলে মাসিক হিসাব বিবরণী প্রেরণের জন্য উপ-পরিচালক (অর্থ ও হিসাব) কে পত্র প্রেরণের সিদ্ধান্ত গৃহিত হয়।
১২।	আওতাধীন কেন্দ্র/উপকেন্দ্রের ইনোভেশন কর্মপরিকল্পনা বাস্তবায়ন অগ্রগতি পরিবীক্ষণ	ইনোভেশন অফিসার ও সদস্য সচিব নদী কেন্দ্র, চাঁদপুর হতে বাস্তবায়িত ইনোভেশন কর্মপরিকল্পনা বাস্তবায়ন অগ্রগতি পরিবীক্ষণ সম্পন্ন করার জন্য পরিদর্শনের অভিমত প্রকাশ করেন। উক্ত কর্ম সম্পাদন সূচকের মান ৩।	চাঁদপুর নদী কেন্দ্র পরিদর্শনের জন্য মূখ্য বৈজ্ঞানিক কর্মকর্তা বরাবরে পত্র প্রেরণের সিদ্ধান্ত গৃহিত হয়।

সভায় আর কোন বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সবাইকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(ড. মোঃ নুরুল্লাহ)
পরিচালক (গবেষণা ও পরিকল্পনা)
ও ইনোভেশন অফিসার, বামগই, সদর দপ্তর

পত্র নং: ৩৩.০৪.০০০০.১০৫.৭৫.০০২.১৫/
কার্যার্থে ও জ্ঞাতার্থে অনুলিপি প্রেরণ করা হলোঃ
১।যুগ্ম-সচিব (ব্লু ইকোনমী), মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়।
২। পরিচালক (গবেষণা ও পরিকল্পনা), বাংলাদেশ মৎস্য গবেষণা ইনস্টিটিউট, ময়মনসিংহ
৩। পরিচালক (প্রশাসন ও অর্থ), বাংলাদেশ মৎস্য গবেষণা ইনস্টিটিউট, ময়মনসিংহ
৪। ড. মোঃ শাহা আলী, প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা, স্বাদুপানি কেন্দ্র, ময়মনসিংহ
৫। মহাপরিচালকের ব্যক্তিগত কর্মকর্তা, বাংলাদেশ মৎস্য গবেষণা ইনস্টিটিউট, ময়মনসিংহ (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)
৬। হিসাবরক্ষণ কর্মকর্তা, সদর দপ্তর, বাংলাদেশ মৎস্য গবেষণা ইনস্টিটিউট, ময়মনসিংহ
৭। সংশ্লিষ্ট নথি/মাষ্টার নথি

(মোহাম্মদ শহিদ উল্যাহ)
সিষ্টেম এনালিষ্ট
ও
সদস্য সচিব, ইনোভেশন টিম, বামগই, সদর দপ্তর